

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০২.১৯-৩৪২

তারিখঃ ২০ আষাঢ় ১৪২৬
০৪ জুলাই ২০১৯

বিষয়ঃ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত এ.টি কেস নং-১৬৭/২০১৯ -এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ।

সূত্রঃ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা হতে প্রাপ্ত এ.টি কেস নং-১৬৭/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১১/০২/২০১৯ খ্রি. তারিখের ৩৭.০৩.০০০০.০১২.০৪ .০০৪.১৮-১৫৯ সংখ্যক স্মারকমূলে বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর অফিস সহায়ক জনাব মো: আব্দুর রাজ্জাক-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী "চাকরি থেকে বরখাস্ত" করা হয়।

২: উক্ত আদেশের বিরুদ্ধে বর্ণিত অফিস সহায়ক কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা'য় এ.টি নং-১৬৭/২০১৯ মামলা দায়ের করা হয়। বর্ণিত মামলায় ১ নং প্রতিপক্ষ সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও ২নং প্রতিপক্ষ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

৩। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক আগামী ০৮.০৭.১৯ খ্রি. তারিখ বা তার পূর্বে প্রতিপক্ষকে লিখিত জবাব/আপত্তি সত্যাপাঠসহ (যদি থাকে) দুইপ্রস্ত সংশ্লিষ্ট ট্রাইব্যুনালে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

৬। এক্ষেণে, এ.টি নং-১৬৭/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার জন্য দ্রুত নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন-

- (ক) এ.টি নং-১৬৭/২০১৯ মামলা সরকার পক্ষে পরিচালনার জন্য DTE - এর বিজ্ঞ কৌশলিক দায়িত্ব প্রদান করা;
- (খ) এ.টি মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতকরত: যথাসময়ে (০৮.০৭.২০১৯ তারিখের মধ্যে) জবাব দাখিল করা (প্রয়োজনীয়তা দেখা দিলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা);
- (গ) উক্ত মামলার জবাবসহ সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে বিজ্ঞ আদালতে দাখিল নিশ্চিতক্রমে শুনানীর জন্য পদক্ষেপ গ্রহণ করা;
- (ঘ) সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও অথরাইজেশন লেটার (Reply to A.T Case No.167/2019 এর সাথে) বিজ্ঞ আদালতে দাখিল করা;
- (ঙ) উক্ত মামলায় সরকারি স্বার্থ সংরক্ষণে মামলাটি নিয়মিত মনিটর করে অগ্রগতি টিএমইডি-তে প্রেরণ।

০৩। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ কৌশলী দ্বারা উপরি-উক্ত মতে পদক্ষেপ গ্রহণক্রমে গৃহীত কার্যক্রম এবং এর ফলাফল আগামী ২৫.০৭.১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগ-কে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয় কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: (১) এ.টি কেস নং-১৬৭/২০১৯ এর নোটিশসহ আর্জির কপিতে ডিটিই বিবাদী হওয়ায় সংযুক্ত করা হয়নি।
(২) ওকালতনামা ও অথরাইজেশন লেটার -০২ পাতা।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
হাংগারগাঁও, শেরেবাংলা-মগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. মাস্টার কপি/অফিস কপি।